দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 12 JAN 1989
পৃষ্ঠা 3 কলাম 5

৪5

# মেরামতের অভাবে বন্যা ও ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত বহু শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া বিঘ্নিত

বন্যা ও ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত দেশের বহু সংখ্যক স্কুলকলেজ মাদ্রাসা অদ্যাবধি মেরামতের কোন উদ্যোগ নেওয়া হয় নাই। ফলে ছাত্র-ছাত্রীদের পড়াশুনায় দারুন বিঘ্ন ঘটিতেছে। খবর আমাদের সংবাদদাতাদের।

**বগুড়া :** বিগত ২ বছরের বন্যায় সম্পূর্ণ বিধ্বস্ত ও আংশিক ক্ষতিগ্রস্ত বগুড়া জেলার বিভিন্ন-স্থানের মোট ২৭৪টি প্রাথমিক বিদ্যালয় পুন: নির্মাণ ও সংস্কারের অভাবে বিপুলসংখ্যক ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চয়তা দেখা দিয়াছে।

পরিসংখ্যান অনুযায়ী ১৯৮৭ সালের বন্যায় জেলার ১৩৫টি এবং '৮৮ সালের বন্যায় ১৩৯টি প্রাইমারী স্কুলগৃহ বিনষ্ট হয়। এই গুলির মধ্যে ৫৬টি সম্পূর্ণরূপে এবং ২১৮টি আংশিকভাবে বিনষ্ট হয়। ইহাছাড়া বিগত বন্যায় ক্ষতিগ্রস্ত বগুড়া জেলার ১০৮টি উচ্চ বিদ্যালয়ও অর্থাভাবে মেরামত বা পুন:-নির্মাণ করা সম্ভব হইতেছে না। ক্ষতিগ্রস্ত ১০৮টি হাই স্কুল মেরামত করিতে কমপক্ষে ৩ কোটি টাকা প্রয়োজন বলিয়া ফ্যাসিলিটিজ বিভাগ সূত্রে জানা গিয়াছে।

**মাগুড়া :** সাম্প্রতিক ঘূর্ণি-ঝড়ে বিধ্বস্ত ও আংশিক ক্ষতিগ্রস্ত মাগুড়া সদরসহ ৪টি উপজেলার ২ সহস্রাধিক স্কুল কলেজ মাদ্রাসার বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীর লেখাপড়া দারুণভাবে ব্যাহত হইতেছে। কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে খোলা আকাশের নীচে ক্লাশ নেওয়া হয়।

**মাধবপুর :** বিগত বন্যায় বিধ্বস্ত ও আংশিক ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলি এ পর্যন্ত পুন: নির্মাণ ও মেরামতের কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয় নাই।

ইহাছাড়া ইতিপূর্বে চুনারুঘাট উপজেলার শাকির মোহাম্মদ প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ঘর শিখিতে হয়। বিদ্যালয়ের এহেন অবস্থায় অনেক অভিভাবক তাহাদের ছেলে মেয়েকে অন্য স্কুলে সরাইয়া নিতেছে।

**নবাবগঞ্জ (ঢাকা) :** এই উপজেলা সদরের নবাবগঞ্জ প্রাথমিক বিদ্যালয়টি ঝড়ে বিধ্বস্ত হওয়ার পর স্থানীয় ১টি হাইস্কুলের একাংশে বহু সমস্যার মধ্যে ঐ প্রাথমিক স্কুলের ক্লাশ চালান হইতেছে। জানা যায়, এই বিধ্বস্ত স্কুলের জন্য উপজেলা হইতে ৭৫ হাজার টাকা বরাদ্দ হইয়াছে। ইহাছাড়া বিগত বন্যায় হরিসকুল প্রাথমিক বিদ্যালয়টি বিধ্বস্ত হওয়ার পর উহা আর পুন: নির্মাণ করা হয় নাই। ফলে গাছতলায় ক্লাস চলে।

**নরসিংদী :** শিবপুর উপজেলার তেলিয়া ঝাউয়াকান্দি উচ্চ বালিকা বিদ্যালয় গৃহ বিগত ঘূর্ণি-ঝড়ে সম্পূর্ণ বিধ্বস্ত হইলে কিছুদিন ঐ বিদ্যালয়ের ক্লাস বন্ধ থাকে। পরে খোলা আকাশের নীচে ক্লাস চালু করা হয়।